# বারিধারা ডিওএইচএস পরিষদ
## ঢাকা সেনানিবাস

### ৬৪তম একজিকিউটিভ কমিটির সভার কার্যবিবরণী তারিখ ১৪ ফেব্রুয়ারী ২০১৩ ইং।

১। একজিকিউটিভ কমিটির সভার সভাপতি ও ১০ জন সদস্যদের উপস্থিতিতে সভার কার্যক্রম শুরু হয়।

২। সেক্রেটারী সভার শুরুতে প্রেসিডেন্ট এবং সকল সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

৩। সভার শুরুতে মেজর মোহাম্মদ সিরাজুল আরেফিন (অবঃ) পবিত্র কোরান তেলাওয়াত ও উহার তরজমা করেন।

| *সভার আলোচ্যসূচী ও সিদ্ধান্ত* | *কার্যক্রম* |
|---|---|
| *আলোচ্যসূচী - ১ ঃ* গত ১৫ জানুয়ারী ২০১৩ তারিখের একজিকিউটভ কমিটির ৬৩তম সভার কার্যবিবরনী বিস্তারিতভাবে আলোচনা করা হয়।<br><br>*সিদ্ধান্ত ঃ* কার্যবিবরনীর সকল কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে পরিচালনা করায় সভাপতি সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করেন। কার্যবিবরনী অনুমোদনের জন্য ক্যাপ্টেন (বিএন) এম এম আজিজ, পিএসসি (অবঃ) প্রস্তাব করেন এবং গ্রুপ ক্যাপ্টেন মোঃ রফিকুল হক, পিএসসি (অবঃ) তা সমর্থন করেন। | সেক্রেটারী |
| *আলোচ্যসূচী - ২ ঃ* বারিধারা ডিওএইচএস পরিষদের কাজের সুবিধার্থে ১টি ফটোকপি মেশিন ও ১টি মটর সাইকেল ক্রয়ের ব্যাপারে আলোচনা করা হয়।<br><br>*সিদ্ধান্ত ঃ* বারিধারা ডিওএইচএস পরিষদের জন্য হেভি ডিউটি ০১টি ফটোকপি মেশিন ক্রয় করার সিদ্ধান্ত গৃহীত হয় যাহার আনুমানিক মূল্য ১,৩০,০০০.০০ (এক লক্ষ ত্রিশ হাজার) টাকা। নিরাপত্তা জোরদার করার জন্য এবং পরিষদের জরুরী কাজে যাতায়াতের সুবিধার জন্য ০১টি ৮০ সিসি মটর সাইকেল ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয় যাহার আনুমানিক মূল্য ১,২০,০০০.০০ (এক লক্ষ বিশ হাজার) টাকা। | সেক্রেটারী/ মেম্বার সিকিঃ এন্ড এ্যাডমিন/ ক্রয় কমিটি |
| *আলোচ্যসূচী - ৩ ঃ* বারিধারা ডিওএইচএস এর রোড # ৮সি এর দক্ষিণ এবং রোড # ৯ পূর্ব দক্ষিণ কোনায় দুইটি নিরাপত্তা চৌকি নির্মাণ করার ব্যাপারে আলোচনা করা হয়।<br><br>*সিদ্ধান্ত* বারিধারা ডিওএইচএস এর নিরপত্তা জোরদার করার জন্য রোড # ৮সি এর দক্ষিণ এবং রোড # ৯ পূর্ব দক্ষিণ কোনায় দুইটি নিরাপত্তা চৌকি নির্মাণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | মেম্বার সিকিঃ এন্ড এ্যাডমিন |
| *আলোচ্যসূচী - ৪ ঃ* বারিধারা ডিওএইচএস জামে মসজিদের বাহিরের চতুপার্শ্বের রং করার বিষয় নিয়ে আলোচনা করা হয়।<br><br>*সিদ্ধান্ত ঃ* বারিধারা ডিওএইচএস জামে মসজিদের বাহিরের চতুপার্শ্বের রং করার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়। যার রং করার লেবার খরচ আনুমানিক ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা পরিষদ হতে এবং রং ক্রয় ও অন্যান্য সামগ্রী মসজিদ সাব-কমিটি কর্তৃক ক্রয় করে দেওয়ার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | মসজিদ সাব-কমিটি |
| *আলোচ্যসূচী - ৫ ঃ* বারিধারা ডিওএইচএস পরিষদের সকল ব্যয় (Financial Exp) ট্রেজারার কর্তৃক ইসিতে অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।<br><br>*সিদ্ধান্ত ঃ* সভায় সর্ব-সম্মতিক্রমে সকল ধরনের ব্যয় অনুমোদিত হয়। | ট্রেজারার |
| *আলোচ্যসূচী - ৬ ঃ* টাকার অবমূল্যায়নের বিষয়টি বিবেচনায় রেখে বারিধারা ডিওএইচএস পরিষদের জরুরী কাজ সমূহ সুষ্ঠু ও দ্রুতভাবে সম্পাদনের নিমিত্তে পারচেজ সাব-কমিটির অনুমোদন ব্যতীত দৈনন্দিন সকল কাজের ব্যয়ের টাকার হার বৃদ্ধির ব্যাপারে আলোচনা করা হয়। | |

| | |
|---|---|
| *সিদ্ধান্ত ঃ* বারিধারা ডিওএইচএস পরিষদের পারচেজ সাব-কমিটি সম্পৃক্ততা ছাড়া দৈনন্দিন সকল কাজের ব্যয় ১০,০০০.০০ (দশ হাজার) টাকা থেকে বৃদ্ধি করে ২০,০০০.০০ (বিশ হাজার) টাকা ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত টাকার অতিরিক্ত ক্রয় Purchase Sub-committee এর মাধ্যমে সম্পাদন করতে হবে। | সেক্রেটারী/ মেম্বার সিকিঃ এন্ড এ্যাডমিন/ ট্রেজারার |
| *আলোচ্যসূচী - ৭ ঃ* বারিধারা ডিওএইচএস পরিষদের বার্ষিক সাধারণ সভা (AGM) এর তারিখ নির্ধারণ নিয়ে সভায় আলোচনা করা হয়। | |
| *সিদ্ধান্ত ঃ* বারিধারা ডিওএইচএস এর বার্ষিক সাধারণ সভা (AGM) আগামী ২৯ মার্চ ২০১৩ তারিখ শুক্রবার বিকাল ৩.৩০ ঘটিকার সময় কনভেনশন সেন্টারের লেভেল-২তে আয়োজন করার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়। বার্ষিক সাধারণ সভা পরিচালনার করার সকল প্রস্তুতি গ্রহন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | সেক্রেটারী |
| *আলোচ্যসূচী - ৮ ঃ* বারিধারা ডিওএইচএস পরিষদের সকল কর্মকর্তা/কর্মচারীগণের প্রস্তাবিত পে-স্কেল-২০১৩অনুমোদন করার ব্যাপারে আলোচনা করা হয়। | |
| *সিদ্ধান্ত ঃ* বারিধারা ডিওএইচএস পরিষদের সকল কর্মকর্তা/ কর্মচারীগণের প্রস্তাবিত পে-স্কেল-২০১৩ ট্রেজারার কর্তৃক উপস্থাপন করা হয় এবং ইসির সকল উপস্থিত সদস্যদের সর্ব-সম্মতিক্রমে অনুমোদিত হয়। | ট্রেজারার |
| *আলোচ্যসূচী - ৯ ঃ* বারিধারা ডিওএইচএস জামে মসজিদের জন্য আগামী ২০১৩-২০১৪ অর্থ বছরের জন্য প্রস্তাবিত কাজ গুলো করার ব্যাপারে আলোচনা করা হয়। | |
| *সিদ্ধান্ত ঃ* বারিধারা ডিওএইচএস জামে মসজিদের জন্য আগামী ২০১৩-২০১৪ অর্থ বছরের জন্য প্রস্তাবিত প্রধান কাজ গুলো আর্থিক অনুদানের মাধ্যমে এবং বাকি অন্যান্য কাজ পরিষদ ব্যবস্থাপনায় নির্মাণ করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | মসজিদ সাব-কমিটি |
| *আলোচ্যসূচী - ১০ ঃ* বারিধারা ডিওএইচএস জামে মসজিদের স্টোরের জন্য ৬টি স্টীল র‍্যাক ক্রয়ের ব্যাপারে আলোচনা করা হয়। | |
| *সিদ্ধান্ত ঃ* বারিধারা ডিওএইচএস জামে মসজিদের স্টোরের জন্য ৬টি স্টীল র‍্যাক ক্রয় করার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়। | মসজিদ সাব-কমিটি |
| *আলোচ্যসূচী - ১১ ঃ* বারিধারা ডিওএইচএস ফিটনেস সেন্টারের ব্যাপারে সভায় আলোচনা করা হয়। | |
| *সিদ্ধান্ত ঃ* বারিধারা ডিওএইচএস ফিটনেস সেন্টার নির্মাণের ব্যাপারে যদি কোন স্পান্সর না পাওয়া যায় তাহলে পরিষদের ব্যাবস্থাপনায় নির্মাণের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | সেক্রেটারী |
| *আলোচ্যসূচী - ১২ ঃ* স্কুল গেইটের সৌন্দর্য্য বৃদ্ধি করা এবং কার্যপযোগী করার ব্যাপারে সভায় আলোচনা করা হয়। | |
| *সিদ্ধান্ত ঃ* ইতিমধ্যে নির্মাণকৃত স্কুল গেইটিকে কার্যাপযোগী করা ও সৌন্দর্যবর্ধনের ব্যাপারে সভায় সর্ব-সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | মেম্বার সিকিঃ এন্ড এ্যাডমিন |
| *আলোচ্যসূচী - ১৩ ঃ* বারিধারা ডিওএইচএস পরিষদের যে সকল কর্মকর্তা/কর্মচারী প্রতি ৬ মাসের মধ্যে ভাল কাজে (Best Performance) প্রশংসা অর্জন করতে পারবেন তাকে পুরস্কার দেয়ার ব্যাপারে আলোচনা করা হয়। | |
| *সিদ্ধান্ত ঃ* বারিধারা ডিওএইচএস পরিষদের যে সকল কর্মকর্তা/কর্মচারী প্রতি ৬ মাসের মধ্যে ভাল কাজে (Best Performance) প্রশংসা অর্জন করবেন তার জন্য পরিষদ কর্তৃক পুরস্কার, সার্টিফিকেট ও আর্থিক অনুদান দেওয়া হবে বলে সভায় সর্ব-সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | সেক্রেটারী/ ট্রেজারার |

| | |
|---|---|
| *আলোচ্যসূচী* - ১৪ঃ বারিধারা ডিওএইচএস পরিষদের স্পোর্টর্স এ্যান্ড কালচারাল সাব-কমিটি কর্তৃক বাৎসরিক ক্রীড়া প্রতিযোগিতা আগামী নভেম্বর/ডিসেম্বর ২০১৩ ইং সালে অনুষ্ঠানের জন্য আলোচনা করা হয়। | |
| *সিদ্ধান্ত* ঃ বারিধারা ডিওএইচএস পরিষদের স্পোর্টস এ্যান্ড কালচারাল সাব-কমিটি কর্তৃক বাৎসরিক ক্রীড়া প্রতিযোগিতা আগামী নভেম্বর/ডিসেম্বর ২০১৩ এ অনুষ্ঠান করার সিদ্ধান্ত হয় এবং পহেলা বৈশাখ মেলা করার জন্য সাব-কমিটি কর্তৃক তদারকি,পরিচালনা ও সুন্দরভাবে সম্পন্ন করার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়। | গেমস,স্পোর্ট এন্ড কালচারাল সাব-কমিটি |
| *আলোচ্যসূচী - ১৫ ঃ* বারিধারা ডিওএইচএস এর অভ্যন্তরে প্রতি বছরের ন্যায় এ বছরও রিক্সা চলাচলের অনুমতি প্রদান করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | |
| *সিদ্ধান্ত ঃ* বারিধারা ডিওএইচএস এর অভ্যন্তরে প্রতি বছরের ন্যায় এ বছর সর্বমোট ১২০টি রিক্সা চলাচলের অনুমতি প্রদান করা হবে।এ বিষয়ে সকল ঠিকাদারগণের জ্ঞাতার্থে নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তি দেয়ার বিষয়ে সভায় সর্ব-সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | মেম্বার সিকিঃ এন্ড এ্যাডমিন |
| *আলোচ্যসূচী - ১৬ ঃ* বারিধারা ডিওএইচএস পুকুরের উত্তর পার্শ্বে মাঝামাঝি বসার সুবিধাসহ আরও একটি পুকুরঘাঁট নির্মাণ করার বিষয়ে আলোচনা করা হয়। | |
| *সিদ্ধান্ত ঃ* বারিধারা ডিওএইচএস পুকুরের উত্তর পাশে অনুদান দ্বারা একটি পাঁকা পুকুরঘাট নির্মাণের জন্য সভায় সর্ব-সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | লেক সাব-কমিটি |
| *আলোচ্যসূচী - ১৭ ঃ* বারিধারা ডিওএইচএস পরিষদের আয় ব্যয় নিরীক্ষা করার জন্য অডিট বোর্ড তৈরী করা নিয়ে আলোচনা করা হয়। | |
| *সিদ্ধান্ত ঃ* বারিধারা ডিওএইচএস পরিষদের আয় ব্যয় নিরীক্ষা করার জন্য অডিট বোর্ড গঠন জন্য সর্ব-সম্মতিক্রমে সভাপতি ঃ লেঃ কর্ণেল আব্দুল খালেক,পিএসসি (অবঃ) এবং ২জন সদস্য ট্রেজারার কর্তৃক নিয়োগ করার ব্যাপারে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ট্রেজারার |
| *আলোচ্যসূচী - ১৮ ঃ* বারিধারা ডিওএইচএস এর অনন্যা গেইট দিয়ে মটর সাইকেল প্রবেশ করার বিষয়ে আলোচনা করা হয়। | |
| *সিদ্ধান্ত ঃ* বারিধারা ডিওএইচএস এর অনন্যা গেইট দিয়ে ডিওএইচএস প্রদত্ত টোকেন প্রর্দশন করে মটর সাইকেল প্রবেশ করতে পারবে মর্মে সভায় সর্ব-সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | মেম্বার সিকিঃ এন্ড এ্যাডমিন |
| *আলোচ্যসূচী - ১৯ ঃ* বারিধারা ডিওএইচএস জামে মসজিদের পশ্চিম পার্শ্ব দিয়ে একটি দেয়াল নির্মাণের বিষয়ে আলোচনা করা হয়। | |
| *সিদ্ধান্ত ঃ* বারিধারা ডিওএইচএস জামে মসজিদের পশ্চিম পাশ দিয়ে রেলিং ও কাটা তারের বেড়া ডিঙ্গিয়ে জনসাধারণ যাতে প্রবেশ করতে না পারে সেজন্য একটি দেয়াল নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপতি সেক্রেটারী/ মেম্বার সিকিঃ এন্ড এ্যাডমিন |

৪। সভাপতি মহোদয় মিটিংএ উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শেষ করেন।

কর্ণেল এম আব্দুল হাই
সভাপতি
তারিখ ঃ ২১ ফেব্রুয়ারি ২০১৩

ব্রিগেঃ জেনাঃ মোঃ ইসমাইল হোসেন
সেক্রেটারী
তারিখ ঃ ২১ ফেব্রুয়ারি ২০১৩

কার্যক্রম ঃ
সম্মানিত সকল ইসি সদস্য

E:\All Doc preserved of 2013\Meeting - 105\MEETING OF AGM, GM & EC - 2011\Menits of all EC meeting\Minits of All EC Meeting-2011\Minutes of 64nd